

অন্ধ সাহিত্য পার্সেল

অন্ধ ডাকমাশুলঃ অন্ধ সাহিত্য প্যাকেট/সামগ্রী ৮০০০ গ্রাম ওজন পর্যন্ত কোন চার্জ ছাড়াই প্রেরণ যোগ্য।

প্রেরিত দ্রব্য এবং ডাকে প্রেরণের শর্তঃ “ব্রেইলী” পদ্ধতিতে মুদ্রিত যেকোন কাগজপত্র সাময়িকী পুস্তকাদি অথবা অন্যান্য বিশেষ পদ্ধতিতে যাহা অদের জন্য ব্যবহার্য “অন্ধ সাহিত্য” হিসাবে প্রেরণ যোগ্য এবং নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রেরণ করা যাবে।

(ক) উপরের বর্ণনা মতে প্যাকেট তৈরী হবে, যাহা অদের জন্য এবং কোন প্রকার লিখিত বা মুদ্রিত যোগাযোগ থাকবে না তবে পুস্তকের নাম ও তালিকা, অর্থ পুস্তক, ব্যবহারের নির্দেশনা প্রেরণ যোগ্য এবং ফেরতের জন্য লেবেল ছাড়া কোন সংযুক্তি থাকবে না।

(খ) প্যাকেটের উপরে প্রেরকের নাম ও ঠিকানা মুদ্রণ সহ “অন্ধের জন্য সাহিত্য” উল্লেখ থাকবে।

(গ) প্যাকেটটি কোন প্রকার আবরন ছাড়া, কিংবা আবরন থাকলেও সহজে তাহা পরীক্ষা করা যায় এক্রপ হবে।

(ঘ) প্যাকেটের আকৃতি ৬০ সেন্টিমিটারের বেশী দৈর্ঘ্য নয়, ৩০ সেন্টিমিটার প্রস্থের বেশী নয় এবং ৩০ সেন্টিমিটার উচ্চতার বেশী নয় এবং সর্বোচ্চ ওজন ৮ কিলোগ্রাম হবে।

শর্ত ভঙ্গের শাস্তি/দণ্ডঃ উপরে বর্ণিত শর্তসমূহ লঙ্ঘন করা হলে প্যাকেটটি (যতক্ষণ না সাধারণ প্যাকেট হিসাবে গৃহীত না হয়) বিলিকালে চিঠি বা পার্সেল হিসাবে চার্জ করে যা কম বিলি করা হবে। কোন মাশুল/ডাকটিকিট প্যাকেটের গায়ে থাকলে মাশুল নির্ধারণ কালে তা হিসাবে আসতে হবে।